গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: জানুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মিনহাজুল ইসলাম
উপসচিব
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২২ জানুয়ারি, ২০২৩
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : ডিসেম্বর,২০২২

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে ইংরেজি ২০২৩ সালের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম গত ২৬/১২/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন। উপস্থাপিত ডিসেম্বর ২০২২ মাস এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর,ভূমি মন্ত্রণালয়,ঢাকা'র স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখঃ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে ।

চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাওয়া হলে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,কুড়িগ্রাম এর মাধ্যমে এ জেলার ৯টি উপজেলায় ১০(দশ)টি প্যাকেজে ১৯(উনিশ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে। প্রকল্পের আওতাভূক্ত ১৭ (সতের) টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি সীমানা প্রাচীরের নির্মাণ শতভাগ সম্পন্ন হয়েছে, ২ (দুই) টি ইউনিয়ন ভূমি অফিসের ভবন ও অন্যান্য অবকাঠামো শতভাগ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ২টি ইউনিয়ন ভূমি অফিসের ১ (এক) টিতে অভ্যন্তরিন ড্রেন নির্মাণ ও ১ (এক) টিতে মাটি ভরাটের কাজ এখনও শেষ হয়নি। তবে ১৯(উনিশ)টি ইউনিয়ন ভূমি অফিস ও ০৪(চার)টি সীমানা প্রাচীর সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি)গণের নিকট হস্তান্তর করা হয়েছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম হতে প্রাপ্ত উপজেলাভিত্তিক চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের তথ্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| ক্রঃ নং | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজারহাট | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/ | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা,লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ৯৮% (মাটি ভরাট অসমাপ্ত) |
| ২ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ হরিকেশ কুড়িগ্রাম । | ১৬/১০/২০২০ | ৯৮% অভ্যন্তরিন ড্রেন নির্মাণ (অসমাপ্ত) |

চলমান-২

সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার,রাজারহাট জানান যে, রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অফিস ভবনটি অনানুষ্ঠানিকভাবে হস্তান্তরিত হয়েছে এবং সেখানে অফিসের কার্যক্রম চলছে। তবে সামনে মাটি ভরাটের কাজ এখনও অসমাপ্ত রয়েছে। নির্বাহী প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর দপ্তর হতে অর্থ ছাড় না করায় সামনে মাটি ভরাটের কাজ সম্পন্ন করতে বিলম্ব হচ্ছে। প্রয়োজনীয় অর্থ ছাড় করে ২২/০১/২০২৩ তারিখ অনুষ্ঠিত মাসিক জেলা রাজস্ব সম্মেলনের অনুবৃত্তিক্রমে আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই মাটি ভরাটের কাজ সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে পুনরায় অনুরোধ করা হয়।

সহকারী কমিশনার(ভূমি), কুড়িগ্রাম সদর জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলাধীন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অভ্যন্তরিন ড্রেন নির্মাণ কাজ অসম্পূর্ণ রয়েছে।ভবন নির্মাণ, অন্যান্য ভৌত অবকাঠামোসহ সকল নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ভবনটি অনানুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে এবং সেখানে অফিসের কার্যক্রম চালু করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান যে, সংযোগ রাস্তা নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। অভ্যন্তরিণ ড্রেন নির্মাণ কাজ চলছে। ২২/০১/২০২৩ তারিখ অনুষ্ঠিত মাসিক জেলা রাজস্ব সম্মেলনের অনুবৃত্তিক্রমে আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই ড্রেন নির্মাণ কাজ সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে পুনরায় অনুরোধ করা হয়।

সভায় উপস্থিত জনাব মোঃ সফিকুল ইসলাম,নাজির কাম ক্যাশিয়ার,উপজেলা ভূমি অফিস,চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চর-রাজিবপুর উপজেলার মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ভবন এবং চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিসের ভবন নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। অফিস ভবন দুটি ইতোমধ্যে হস্তান্তর করা হয়েছে এবং সেখানে অফিসের সকল কার্যক্রম চালু রয়েছে। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা ভূমি অফিস,চর রাজিবপুর, কুড়িগ্রাম এর অভ্যন্তরিন সীমানা দিয়ে পার্শ্ববর্তী ব্যক্তি মালিকানাধীন ভবনের পল্লী বিদ্যুৎ সমিতির বৈদ্যুতিক সঞ্চালন লাইন রয়েছে। যে কারণে আনুষঙ্গিক অন্যান্য কিছু প্রয়োজনীয় সংস্কার/মেরামত কাজ করতে জটিলতা সৃষ্টি হয়েছে। সভায় উপস্থিত উপজেলা ভূমি অফিস,চর রাজিবপুর, কুড়িগ্রাম এর প্রতিনিধির নিকট এ বিষয়ে জানতে চাওয়া হয়। তিনি জানান যে,পার্শ্ববর্তী জমির মালিককে উল্লিখিত বৈদ্যুতিক সঞ্চালন লাইন এর তার অপসারণের জন্য ইতোমধ্যে দাপ্তরিকভাবে নির্দেশ প্রদান করা হয়েছে। অতি দ্রুত বৈদ্যুতিক সঞ্চালন লাইন এর তার অপসারণ করা হবে।

উপজেলা ভূমি অফিস,চর রাজিবপুর, কুড়িগ্রাম এর সীমানার অভ্যন্তরে বিদ্যমান পল্লী বিদুৎ সমিতির বৈদ্যুতিক সঞ্চালন লাইন জরুরীভিত্তিতে অপসারণপূর্বক প্রতিবেদন আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি),চর রাজিবপুর,কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।

নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয় ।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী প্রকল্প পরিচালকের দপ্তর,ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| ২। প্রয়োজনীয় অর্থ ছাড় করে আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস এর সামনে মাটি ভরাট কাজ সম্পন্ন করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। |
| ৩। কুড়িগ্রাম সদর উপজেলাধীন নির্মাণকৃত ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অভ্যন্তরিণ ড্রেন নির্মাণ কাজ আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি),কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। |
| ৪। চর-রাজিবপুর উপজেলাধীন চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস ভবন এবং মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ভবন এর নির্মাণ কাজ ও হস্তান্তর সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি),চর-রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ৫। উপজেলা ভূমি অফিস,চর রাজিবপুর, কুড়িগ্রাম এর সীমানার অভ্যন্তরে বিদ্যমান পল্লী বিদুৎ সমিতির বৈদ্যুতিক সঞ্চালন লাইন জরুরীভিত্তিতে অপসারণ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

চলমান-৩

সভায় উপস্থিত জেলা ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে তাদের মেধা,মনন,প্রজ্ঞা,দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করার জন্য অনুরোধ জানানো হয়। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ প্রতিপালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১১/২০২৫

(মোঃ মিনহাজুল ইসলাম)
উপসচিব
জেলা প্রশাসক (রুটিন দায়িত্ব)
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ২২১ (২৬)

তারিখ : ২৬ মাঘ, ১৪২৯ / ০৯ ফেব্রুয়ারি,২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার,রংপুর বিভাগ, রংপুর।

৩। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।

৪। নির্বাহী প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।

৫। উপজেলা নির্বাহী অফিসার,..............................,(সকল), কুড়িগ্রাম।

৬। সহকারী কমিশনার(ভূমি),,...............................,(সকল)কুড়িগ্রাম।

৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম(জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

৯। গোপনীয় সহকারী,অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম (অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। অফিস কপি ।

০৯/০২/২৬

(নিশাত তামান্না)
পরিচিতি নং-১৮০০৮
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম
ফোন: ০২৫৮৯৯-৫০১১৪(অঃ)
ই-মেইল: rdckurigram@mopa.gov.bd